আজকের কাগজ

তারিখ 10 AUG 1995
পৃষ্ঠা ৭ কলাম ৫

এসএসসি পরীক্ষার ফলাফল

# পাসের হার কুমিল্লায় ৭৪ দশমিক ৯৩, রাজশাহীতে ৭১ দশমিক ৯০

কাগজ প্রতিবেদক ঃ কুমিল্লা ও রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষার ফলাফল গতকাল বুধবার প্রকাশিত হয়েছে। প্রকাশিত ফলাফলে কুমিল্লা বোর্ডে সম্মিলিত পাসের হার শতকরা ৭৪ দশমিক ৯৩ ভাগ। রাজশাহী বোর্ডে সম্মিলিত পাসের হার শতকরা ৭১ দশমিক ৯০ ভাগ। কুমিল্লা বোর্ডে সর্বমোট পাস করেছে ১ লাখ ৪২ হাজার ৬২ জন এবং রাজশাহী বোর্ডে ১ লাখ ৪১ হাজার ৮শ' ৮৮ জন ছাত্রছাত্রী।

## কুমিল্লা বোর্ড

কুমিল্লা বোর্ডে সর্বমোট পরীক্ষার্থী ছিলো ১ লাখ ৯০ হাজার ৭শ' ৩৪ জন। এর মধ্যে পরীক্ষায় অংশ নেয় ১ লাখ ৮৯ হাজার ৬শ' ৫ জন। পাস করেছে ১ লাখ ৪২ হাজার ৬২ জন। পাসের হার শতকরা ৭৪ দশমিক ৯৩ ভাগ। এর মধ্যে নিয়মিত ১ লাখ ৩৭ হাজার ৯শ' ৮০ জন। প্রাইভেট ৪ হাজার ৮২ জন। প্রথম বিভাগ পেয়েছে ৬৯ হাজার ৫শ' ৯৭ জন, দ্বিতীয় বিভাগ ৭১ হাজার ৯১ জন এবং ৩য় বিভাগ ১ হাজার ৩শ' ৭৪ জন। পাসকৃতদের মধ্যে ছাত্র ৮৪ হাজার ৪শ' ৫৪ জন ও ছাত্রী ৫৭ হাজার ৬শ' ৮ জন। কুমিল্লা বোর্ডে বিজ্ঞান বিভাগে পরীক্ষার্থী ছিলো ৬২ হাজার ৮শ' ১৪ জন। অংশ নেয় ৬২ হাজার ৬শ' ১ জন। পাস করেছে ৫৪ হাজার ৬শ' ৭০ জন। পাসের হার শতকরা ৮৭ দশমিক ৩৩ ভাগ। প্রথম বিভাগ পেয়েছে ৪০ হাজার ১শ' ৭৯ জন, ২য় বিভাগ ১৪ হাজার ৪শ' ২৭ জন ও ৩য় বিভাগ ৬৪ জন। এদের মধ্যে ছাত্র ৩৯ হাজার ৪শ' ৯৩ জন ও ছাত্রী ১৫ হাজার ১শ' ৭৭ জন।

কুমিল্লা বোর্ডে সমাজ বিজ্ঞান বিভাগে পরীক্ষার্থী ছিলো ১ লাখ ২৭ হাজার ৯শ' ২০ জন। অংশ নেয় ১ লাখ ২৭ হাজার ৪ জন। পাস করেছে ৮৭ হাজার ৩শ' ৯২ জন। পাসের হার শতকরা ৬৮ দশমিক ৮১ ভাগ। প্রথম বিভাগ পেয়েছে ২৯ হাজার ৪শ' ১৮ জন, ২য় বিভাগ ৫৬ হাজার ৬শ' ৬৪ জন ও ৩য় বিভাগ পেয়েছে ১ হাজার ৩শ' ১০ জন। এদের মধ্যে ছাত্র ৪৪ হাজার ৯শ' ৬১ জন ও ছাত্রী ৪২ হাজার ৪শ' ৩১ জন।

## রাজশাহী বোর্ড

রাজশাহী বোর্ডে সর্বমোট পরীক্ষার্থী ছিলো ১ লাখ ৯৮ হাজার ৪শ' ৪৩ জন। এর মধ্যে পরীক্ষায় অংশ নেয় ১ লাখ ৯৭ হাজার ৩শ' ৩৪ জন। পাস করেছে ১ লাখ ৪১ হাজার ৮শ' ৮৮ জন। পাসের হার শতকরা ৭১ দশমিক ৯০ ভাগ। এর মধ্যে নিয়মিত ১ লাখ ৩৮ হাজার ৮শ' ৪৭ জন, প্রাইভেট ৩ হাজার ৪১ জন। প্রথম বিভাগ পেয়েছে ৫৮ হাজার ৯শ' ৫১ জন, ২য় বিভাগ ৭৮ হাজার ৮৩ জন, ৩য় বিভাগ ৪ হাজার ৮শ' ৫৪ জন। পাসকৃতদের মধ্যে ছাত্র ৯৩ হাজার ৩৯ জন ও ছাত্রী ৪৮ হাজার ৮শ' ৪৯ জন।

রাজশাহী বোর্ডে বিজ্ঞান বিভাগে পরীক্ষার্থী ছিলো ৪০ হাজার ৩শ' ৬৬ জন। অংশ নেয় ৪০ হাজার ২শ' ২১ জন। পাস করেছে ৩৪ হাজার ৯শ' ৪৬ জন। পাসের হার শতকরা ৮৬ দশমিক ৮৮ ভাগ। প্রথম বিভাগ পেয়েছে ২৫ হাজার ৯শ' ৪৬ জন, ২য় বিভাগ ৮ হাজার ৮শ' ২৯ জন এবং ৩য় বিভাগ ১শ' ৭১ জন। এদের মধ্যে ছাত্র ২৬ হাজার ৪শ' ৪৯ জন, ছাত্রী ৮ হাজার ৪শ' ৯৭ জন। রাজশাহী বোর্ডের সমাজ বিজ্ঞান বিভাগে পরীক্ষার্থী ছিলো ১ লাখ ৫৮ হাজার ৭৭ জন। অংশ নেয় ১ লাখ ৫৭ হাজার ১শ' ১৩ জন। পাস করেছে ১ লাখ ৬ হাজার ৯শ' ৪২ জন। পাসের হার শতকরা ৬৮ দশমিক ০৭ ভাগ। প্রথম বিভাগ পেয়েছে ৩৩ হাজার ৫ জন, ২য় বিভাগ ৬৯ হাজার ২শ' ৫৪ জন ও ৩য় বিভাগ ৪ হাজার ৬শ' ৮৩ জন। এদের মধ্যে ছাত্র ৬৬ হাজার ৫শ' ৯০ জন ও ছাত্রী ৪০ হাজার ৩শ' ৫২ জন।

## এক নজরে কুমিল্লা ও রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল

| অংশগ্রহণকারী পরীক্ষার্থী | উত্তীর্ণ (মোট) | ছাত্র | ছাত্রী | প্রথম বিভাগ | দ্বিতীয় বিভাগ | তৃতীয় বিভাগ | পাসের হার ছাত্র | পাসের হার ছাত্রী | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| কুমিল্লা ১৮৯৬০৫ (সম্মিলিত) | ১৪২০৬২ | ৮৪৪৫৪ | ৫৭৬০৮ | ৬৯৫৯৭ | ৭১০৯১ | ১৩৭৪ | ৭৬.৬৯ | ৭২.৪৭ | ৭৪.৯৩ |
| বিজ্ঞান বিভাগ ৭৯১১৭ | ৫৪৬৭০ | ৪৯৪৯৩ | ১৫১৭৭ | ৪০১৭৯ | ১৪৪২৭ | ৬৪ | ৮৭.২১ | ৮৭.৬৫ | ৮৭.৩৩ |
| সমাজ বিজ্ঞান ১৫৬৭১২ | ৮৭৩৯২ | ৪৪৯৬১ | ৪২৪৩১ | ২৯৪১৮ | ৫৬৬৬৪ | ১৩১০ | ৬৯.৩৫ | ৬৮.২৫ | ৬৮.৮১ |
| রাজশাহী ১৯৭৩৩৪ (সম্মিলিত) | ১৪১৮৮৮ | ৯৩০৩৯ | ৪৮৮৪৯ | ৫৮৯৫১ | ৭৮০৮৩ | ৪৮৫৪ | ৭১.৯২ | ৭১.৮৭ | ৭১.৯০ |
| বিজ্ঞান বিভাগ ৪০২২১ | ৩৪৯৪৬ | ২৬৪৪৯ | ৮৪৯৭ | ২৫৯৪৬ | ৮৮২৯ | ১৭১ | ৮৬.২২ | ৮৯.০৩ | ৮৬.৮৮ |
| সমাজ বিজ্ঞান ১৫৭১১৩ | ১০৬৯৪২ | ৬৬৫৯০ | ৪০৩৫২ | ৩৩০০৫ | ৬৯২৫৪ | ৪৬৮৩ | ৬৭.৪৮ | ৬৯.০৬ | ৬৮.০৭ |